দর্শনায় ইয়াবাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ১০২ পিস ইয়াবা ট্যাবলেটসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা আনোয়ারপুর মসজিদের সামনে পাকা রাস্তার ওপর অভিযান চালানো হয়।

এ সময় দর্শনা থানার এসআই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ওই স্থানে গিয়ে সন্দেহভাজন ব্যক্তির দেহ তল্লাশি করে ১০২ পিস ইয়াবা ট্যাবলেট, একটি কাপড় স্ট্রিপ করার আয়রন মেশিন এবং অন্যান্য সামগ্রীসহ বড় দুধপাতিলা গ্রামের খোরশেদ আলমের ছেলে শিপন ইসলামকে (২৩) গ্রেফতার করে।

গ্রেফতারকৃতের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে এবং গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে পুলিশ।

দামুড়হুদায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস পালন

দামুড়হুদায় জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে র্যালি, আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় “প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তর, দামুড়হুদার যৌথ উদ্যোগে প্রথমে উপজেলা পরিষদ চত্বর থেকে র্যালি বের হয়। র্যালি শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা, যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নাজমুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা মসজিদের পেশ ইমাম মাওলানা আশরাফুল আলম। গীতা পাঠ করেন নারায়ণ চন্দ্র দাস।

এবারের জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে উপজেলার প্রশিক্ষণপ্রাপ্ত সফল আত্মকর্মী যুবক ও যুবতী মোট ১৭ জনের মাঝে ২৯ লক্ষ টাকার যুব ঋণের চেক, সনদপত্র ও গাছের চারা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রেজাউল করিম, মশিউর রহমান, শারমিন নাহার, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি রাশেদ অনিক, সফল আত্মকর্মী রোজিনা খাতুন, রিয়াজুল ইসলামসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ।

চুয়াডাঙ্গা সীমান্তে ৬ বিজিবি’র অভিযানে চোরাচালান পণ্য জব্দ

চুয়াডাঙ্গা ৬ বিজিবি বিভিন্ন সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে দুই দিনে প্রায় ১১ লক্ষ টাকার মালামাল জব্দ করেছে।

জানা যায়, গত ১০ থেকে ১২ আগষ্ট ৬ বিজিবি’র সহকারী পরিচালক হায়দার আলীর নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা, বারাদী, মুজিবনগর, নাজিরাকোনা, বাজিতপুর এবং ইছাখালি বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকায়।

এ সময় বিজিবি ৫৯ বোতল ভারতীয় মদ, ১৫ গ্রাম ভারতীয় হেরোইন, ৫৭০ পিস নেশাজাতীয় ট্যাপেনটাডল ট্যাবলেট, ২৭ পিস ভারতীয় শাড়ী, ৮৯৮ পিস বিভিন্ন প্রকার সিটি গোল্ডের আইটেম, ১৮৩ পিস বিভিন্ন প্রকার ভারতীয় কসমেটিক্স, খাদ্য সামগ্রী জব্দ করে।

চুয়াডাঙ্গা ও মেহেরপুর সীমান্ত এলাকায় সক্রিয় মাদক ও অন্যান্য

চোরাচালান চক্রের বিরুদ্ধে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা হয়েছে। সীমান্তে বিজিবি’র অভিযান অব্যাহত থাকবে বলে জানায় বিজিবি।

দর্শনায় ২ কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল রবিবার রাত ৯টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা পৌরসভার রেলকলোনি পাঠানপাড়ায় অভিযান পরিচালনা করা হয়।

এ সময় দর্শনা থানার চৌকস এসআই গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ সুগন্ধা মাঠের পাকা রাস্তার উপর থেকে দর্শনা পাঠানপাড়ার রুস্তম মোল্লার ছেলে গাঁজাব্যবসায়ী টুবেল মোল্লাকে (৩০) গ্রেফতার করে। পুলিশ তার দেহ তল্লাশি চালিয়ে ভারতীয় স্কচটেপ দিয়ে মোড়ানো ২ কেজি গাঁজা উদ্ধার করে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। গতকাল তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গা প্রেসক্লাবের নির্বাচনী তফসিল ঘোষণা

আলমডাঙ্গা প্রেসক্লাবের নির্বাচনী তফসিল ঘোষণা করা হয়েছে। আজ সোমবার বেলা ১১টায় প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে প্রধান

নির্বাচন কমিশনার সিরাজুল ইসলাম তফসিল ঘোষণা ও খসড়া ভোটার তালিকা প্রকাশ করেন।

তফসিল অনুযায়ী ১৩ আগস্ট ভোটার তালিকার আপত্তি দাখিল ও নিস্পত্তি, ১৪ আগস্ট চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ১৫ ও ১৬ আগস্ট মনোনয়নপত্র বিক্রি, ১৮ আগস্ট দাখিল, ১৯ আগস্ট যাচাই-বাছাই ও আপত্তি নিস্পত্তি, ২০ আগস্ট প্রার্থিতা প্রত্যাহার, ২১ আগস্ট চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ এবং ৩০ আগস্ট ভোট গ্রহণ হবে।

তফসিল ঘোষণায় উপস্থিত ছিলেন, আহ্বায়ক শাহ আলম মন্টু, সাবেক সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, অ্যাডভোকেট সহিদুল ইসলাম, শেখ শফিউজ্জান, জামসেদুল হক মুনি, বশিরুল আলম, সাহাবুল জক, রুনু খন্দকার, কাইরুল মামুন, আতিক বিশ্বাস, ফাহিম ফয়সাল, জাফর জুয়েল, কবি গোলাম রহমান, রিফাজ উদ্দিন, শামিম রেজা, আবু জাফর, হাসিবুল হক, মহাসিনুজ্জামান চাঁদ, রুহুল আমিন, কবি এম সিদ্দিকুর রহমান, মহসিন আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে ঢাকা গাজীপুরে সাংবাদিক তুহিন হত্যার তীব্র নিন্দা জানিয়ে তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

চুয়াডাঙ্গায় ভোক্তার অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়ি বাজারে সার ও কীটনাশকের দোকানে অভিযান চালিয়েছে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এসময় মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রি ও অতিরিক্ত মূল্যে সার বিক্রির অভিযোগে দুই প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়।

রবিবার (১০ আগস্ট) সকাল সাড়ে ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত সদর উপজেলার বোয়ালিয়া ও হিজলগাড়ি এলাকায় এ অভিযান পরিচালিত হয়। অভিযানটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযান শেষে তিনি জানান, সকাল থেকে দুপুর পর্যন্ত সার-কীটনাশক ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের বিভিন্ন দোকান তদারকি করা হয় এবং বিক্রেতারা মূল্য তালিকা প্রদর্শন করছে কিনা তা সরেজমিনে যাচাই করা হয়।

মোহাম্মদ মামুনুল হাসান বলেন, অভিযানে মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রি এবং সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি মূল্যে সার বিক্রির অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৩৮, ৪০ ও ৫১ ধারা অনুসারে মেসার্স রফিকুল ট্রেডার্সের স্বত্বাধিকারী রফিকুল ইসলামকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একই অভিযোগে মেসার্স রহমান ট্রেডার্সের স্বত্বাধিকারী মো. সেলিম উদ্দীনকে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে সহায়তা করেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, ক্যাবের প্রতিনিধি এবং জেলা পুলিশের একটি টিম।

দর্শনা মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের নির্মাণ কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বরাদ্দকৃত ১৫ লক্ষ টাকার উন্নয়নমূলক নির্মাণ কাজের উদ্বোধন করেছেন মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মশিউর রহমান।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

এ সময় মশিউর রহমান বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত অর্থ দিয়ে এই নির্মাণ কাজের উদ্বোধন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই অধিদপ্তর শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে থেকে দেশের শিক্ষা অবকাঠামোর উন্নয়ন, সংস্কার ও সম্প্রসারণের দায়িত্ব পালন করে। ভবিষ্যতে বিদ্যালয়টি আধুনিকায়ন করা হবে। তিনি

আরও বলেন, শুধু স্কুলের বিল্ডিং নির্মাণ করলেই হবে না ছেলে-মেয়েদের লেখাপড়ার মানও আরও উন্নত করতে হবে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকৌশলী ও ঠিকাদার কামরুজ্জামান বকুল, রেজাউল করিম লাল্টু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইকরামুল হক, কমিটির সদস্য মাহাবুবুর রহমান খোকন, লুৎফর রহমান প্রমুখ।

সাংবাদিক তুহিন হত্যার প্রতিবাদে দামুড়হুদায় মানববন্ধন ও প্রতিবাদ সভা

দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার স্টাফ রিপোর্টার গাজীপুরের সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যার প্রতিবাদ ও আসামীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বেলা ১১ টার সময় উপজেলা সদরের চৌ-রাস্তার মোড়ে এই মানববন্ধন ও প্রতিবাদসভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক ৭১ টিভির জেলা প্রতিনিধি এম, এ মামুন,দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক মনিরুজ্জামান সুমন, দামুড়হুদা সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সমিতির সহ-সভাপতি মোজাম্মেল শিশির প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান, আরিফুল ইসলাম মিলন, সদস্য এসএম সুজন, মেহেদী হাসান মিলন, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন,

আনারুল ইসলাম, শেখ হাতেম সহ চুয়াডাঙ্গা, দামুড়হুদা ও দর্শনায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকের উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল।

বক্তরা বলেন, সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যাকারীদের দ্রুত বিচার আইনে বিচার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। অন্যথায় সাংবাদিক সমাজ বৃহত্তর কঠোর আন্দোলন করতে বাধ্য হবে। এছাড়া সাংবাদিক তুহিনের পরিবারকে স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।

চুয়াডাঙ্গা সীমান্তে প্রায় ৯ কেজি দানাদার রুপা জব্দ

ভারতে পাচারকালে চুয়াডাঙ্গার দামুড়হুদা সীমান্তে ২২ লক্ষ টাকা মল্যের প্রায় ৯ কেজি দানাদার রুপা জব্দ করেছে ৬ বিজিবি।

জানা যায়, ৯ আগষ্ট বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি’র) অধিনায়ক লেঃ কর্নেল নাজমুল হাসান গোপন সংবাদের ভিত্তিতে জগন্নাথপুর সীমান্তের বিওপি ক্যাম্পের দায়িত্বপূর্ণ এলাকা দিয়ে রুপা চোরাচালান হবে বলে জানান। ভারপ্রাপ্ত কোয়ার্টার মাষ্টার সহকারি পরিচালক মোঃ হায়দার আলীর নেতৃত্বে অভিযান চালায় সীমান্তের মেইন পিলার ৯৬ হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ঈশাড়ার মোড় নামক স্থানে এ্যাম্বুশ করে।

এসময় বিজিবি’র ২ জন সন্দেহভাজন ব্যক্তিকে মোটরসাইকেলযোগে উক্ত এলাকা দিয়ে সীমান্তের দিকে যেতে দেখে। সে সময় বিজিবি টহল দল তাদেরকে থামার জন্য সিগন্যাল প্রদান করলে, তারা মোটরসাইকেল নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পরে বিজিবি’র ধাওয়া খেয়ে মোটরসাইকেল ফেলে ২ চোরাকারবারী পাট ক্ষেতের মধ্যে পালিয়ে যায়। পরে মোটরসাইকেল তল্লাশি করে প্রায় ২২ লক্ষ টাকা মূল্যের দানাদার

রুপা জব্দ করে।

এ ঘটনায় নায়েব সুবেদার আব্দুস সাত্তার বাদী হয়ে দামুড়হুদা থানায় সাধারণ ডায়েরী করেছে। জব্দকৃত ভারতীয় দানাদার রুপাগুলো চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সাংবাদিক তুহিন হত্যার প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবের উদ্দ্যোগে মানববন্ধন

গাজীপুরে সাংবাদিক আসাদুজ্জামান তুহিনকে হত্যার প্রতিবাদে বিচার চেয়ে চুয়াডাঙ্গার দর্শনায় মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। নিহত তুহিন দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার স্টাফ রিপোর্টর হিসাবে কর্মরত ছিলেন।

আজ শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির উদ্যোগে প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জীবননগর ও দামুড়হুদা প্রেসক্লাবের নেতৃবৃন্দ একাত্বতা প্রকাশ করেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ‘সাংবাদিকদের ওপর হামলা করে সত্যকে দমিয়ে রাখা যাবে না। রাষ্ট্রের দায়িত্ব নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। কিন্তু বারবার সাংবাদিকদের ওপর হামলার ঘটনা আমাদের প্রশ্নবিদ্ধ করে। অপরাধীদের বিচার না হলে নৈরাজ্য বাড়বে।’

বক্তারা বলেন, ‘রাষ্ট্রের ও সমাজের সকল কাজে সবার আগে সাংবাদিকরা থাকে। আবার এই সাংবাদিকদেরই নানা ভাবে সবচেয়ে বেশি নির্যাতনের স্বীকার হতে হয়। সাংবাদিকরা নির্যাতনের শিকার হলেও এসব ঘটনার সুষ্ঠু বিচার হয় না। যার ফলে একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটছে।’

তারা বলেন, ‘সাংবাদিকরা রাষ্ট্রের চতুর্থ স্তম্ভের ভূমিকা পালন করে। অথচ রাষ্ট্রের সেই স্তম্ভের নিরাপত্তায় কোনো কোনো আইন

নেই। আমরা চাই সাংবাদিকদের সুরক্ষার জন্য একটি আইন তৈরি করা হোক। দেশের সংবাদকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারকে যথাযথ পদক্ষেপ নিতে হবে।’

বক্তারা আরও বলেন, ‘যুগে যুগে এদেশে সাংবাদিক হত্যার বা নির্যাতনের সঠিক বিচার হয়নি। ২০২৪ সালের ৫ আগস্টের পর প্রত্যাশা ছিলো পরিস্থিতির পরিবর্তন হবে। কিন্তু দুক্ষের বিষয় তা হয়নাই। বরং সাংবাদিক নির্যাতন বাড়ছেই, যেটা খুবই কষ্টের। সাংবাদিক তুহিন হত্যার সাথে জড়িতদের কঠিন বিচারের মুখোমুখি করা হোক। যাতে করে ভবিষ্যতে আর কেউ সাংবাদিক হত্যা ও নির্যাতনের মত জঘন্য কাজ করার সাহস না পায়।’

সাংবাদিক তুহিন হত্যায় জড়িতদের দ্রুত বিচার আইনে বিচারের দাবি জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকারের কাছে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান মানববন্ধনে অংশ নেয়া সাংবাদিক ও বক্তারা। এ মানববন্ধনে দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, মাসুম বিল্লাহ, মনিরুজ্জামান ধীরু, হানিফ মন্ডল, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির আহম্মেদ ফয়সাল উপস্থিত ছিলেন।

বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সদস্য- রিফাত হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সদস্য চঞ্চল মেহমুদ, জীবননগর প্রেসক্লাবের আহ্বায়ক রিপন হোসেন, প্রবাসী সাংবাদিক শাফায়াত উল্লাহ, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য রেজাউল করীম লিটন, গণউন্নয়ন গ্রন্থাগারের সভাপতি আবু সুফিয়ান, দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি মোহাম্মদ হারুন অর রশীদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।